

No. 81/2020

"শেখ হাসিনার হাতটি ধরে,
পথের শিশু যাবে ঘরে।"

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-তত্ত্বাবধায়কের কার্যালয়
সরকারি শিশু পরিবার (বালিকা)
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।




স্মারক নং ৪১.০১.৫৮৮৩.০৩৭.১৯.০০১.১৬.০৭-৭১

তারিখ - ০১.১০.২০২০ইং

বিষয় :- বদলির আবেদন পত্র সুপারিশ সহকারে প্রেরণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র প্রতিষ্ঠানের সহকারি শিক্ষক জনাব সখিনা আক্তার, শারীরিক অসুবিধার কারণে সরকারি শিশু পরিবার (বালিকা) শ্রীমঙ্গল, মৌলভীবাজার হতে সরকারি শিশু পরিবার (বালিকা) রায়নগর, সিলেট শূন্য পদে বদলির জন্য একখানা আবেদন পত্র দাখিল করেন। তার আবেদন পত্র খানা সুপারিশ সহকারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয় বরাবর প্রেরণ করা হলো।


(আয়েশা আক্তার বৃষ্টি)
উপ-তত্ত্বাবধায়ক
সরকারি শিশু পরিবার (বালিকা)
শ্রীমঙ্গল, মৌলভীবাজার

উপপরিচালক,
জেলা সমাজসেবা কার্যালয়,
মৌলভীবাজার।

১১/১১/১১

বরাবর,

পরিচালক (প্রশাসন ও অর্থ)

সমাজসেবা অধিদফতর

আগারগাঁও, শেরে বাংলা নগর

ঢাকা-১২০৭।

মাধ্যম : যথাযথ কর্তৃপক্ষ।

বিষয় :- শূন্য পদে বদলীর জন্য আবেদন পত্র।

মহোদয়,

যথাযথ সন্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি সরকারি শিশু পরিবার (বালিকা), শ্রীমঙ্গল, মৌলভীবাজার এর একজন সহকারি শিক্ষক। আমার ছেলে এবং মেয়ে সিলেট লেখাপড়া করেন এবং আমার আত্মীয় স্বজন সকলে সিলেটে বসবাস করেন। আমার স্বামী প্রেসার উচ্চ রক্তচাপ ও হার্টের সমস্যায় চিকিৎসাধীন, তাকে প্রতি মাসে একবার সিলেট ডাক্তার দেখাতে হয়। অপরদিকে আমি ডায়বেটিক সহ উচ্চ রক্ত চাপ রোগে শারীরিক ভাবে অসুস্থ। আমার পরিবারে বর্তমানে সাহায্য করার মত অন্য কেউ নাই। প্রায়ই আমার স্বামী অসুস্থ হয়ে পড়েন এবং সময় অসময় অফিস থেকে ছুটি নিয়ে বাসায় থাকতে হয়। আমি যদি আমার ছেলে মেয়ে ও আত্মীয় স্বজনের কাছাকাছি সিলেট অবস্থান করি, তবে চিন্তা মুক্ত থেকে দায়িত্ব যথাযথ ভাবে পালন সহ সবাইকে দেখা শুনা আমার পক্ষে সম্ভব হবে।

অতএব, মহোদয় অনুগ্রহ পূর্বক আমাকে উল্লেখিত বিষয় গুলি বিবেচনা করে মানবিক কারণে সরকারি শিশু পরিবার (বালিকা) শ্রীমঙ্গল, মৌলভীবাজার হতে সরকারি শিশু পরিবার (বালিকা) রায়নগর, সিলেট সহকারি শিক্ষক শূন্য পদে বদলী করতে আপনার একান্ত সু-মর্জি হয়।

বিনীত নিবেদক

সখিনা আক্তার

(সখিনা আক্তার)

সহকারি শিক্ষক

সরকারি শিশু পরিবার (বালিকা) শ্রীমঙ্গল

মৌলভীবাজার।